

17002.21

669/Beng(O)

UG/5th Sem/BENG-G-SEC-T-3/23

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-3

(লোকগান)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$

ক) বিবাহ-পূর্ব দুটি লোকাচারের উল্লেখ করো।

খ) মেরাসিন কাদের বলা হয়?

গ) সিরাজ সাহি কে ছিলেন?

ঘ) পশ্চিমবঙ্গে প্রচলিত দু-ধরনের লোকগানের উল্লেখ করো।

ঙ) ভাওয়াইয়া গানের দু'জন শিল্পীর নাম লেখো।

চ) আলকাপ বলতে কী বোঝায়?

[পর পৃষ্ঠায়]

- ছ) জারি গান কখন গাওয়া হয়? এই গান কোথায় প্রচলিত?
- জ) “খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়” — এটি কোন্ ধরনের গান? অচিন পাখি বলতে কী বোঝানো হয়েছে?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- ক) গাউনি বলতে কাদের বোঝায়? বিয়ের গানের পরিসরে গাউনিদের গুরুত্ব আলোচনা করো।
- খ) “যে জন প্রেমের ভাব জানে না” — কোন্ ধরনের গান? গানটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে লেখো।
- গ) ভাদু গান কোন্ অঞ্চলে প্রচলিত? এর বিশিষ্টতা নির্ণয় করো।
- ঘ) তত্ত্বমূলক গান বলতে কী বোঝায়? তোমার পাঠ্য যে কোনো একটি তত্ত্বমূলক গান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) ভাটিয়ালি গানের একজন শিল্পীর নামের উল্লেখ করে এর বিশিষ্টতা সম্পর্কে আলোকপাত করো।
- খ) লালন ফকিরের গানে সাম্প্রদায়িক সম্প্রীতির যে চিত্র দেখা যায়, সে সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো।
- গ) আলকাপ কোন্ অঞ্চলে প্রচলিত? আলকাপ শিল্পীদের জীবন দর্শন সম্পর্কে তোমার মতামত দাও।
- ঘ) বাংলা লোকগানের বৈচিত্র্যের স্বরূপ বিশ্লেষণ করো।